# পাঠান্তরে ছোটগল্প



# বিভাজন পূর্ববর্তী রূপরেখায়

সম্পাদনা

অরীন্দ্রজিৎ ব্যানার্জী

রানা ভট্টাচার্য

Pathantar Chotogalpa Bivajaner Purbabarti Ruparekha
Editied by : Arindrijit Banerjee & Rana Bhattacharyya
Published by Joyjit Mukhopadhaya. **Sopan**
206, Bidhan Sarani, Kolkata-700 006
(033) 2257-3738 / 9433343616 / 9836321521
E-mail : sopan1120@yahoo.com/publisopan@gmail.com
Website : www.sopanbooks.in

প্রথম প্রকাশ
২০২১

© অরীন্দ্রজিৎ ব্যানার্জী ও রানা ভট্টাচার্য
সর্বস্বত্ব সংরক্ষিত

প্রকাশক এবং স্বত্বাধিকারীর লিখিত অনুমতি ছাড়া এই বইয়ের কোনও অংশেরই কোনওরূপ পুনরুৎপাদন বা প্রতিলিপি করা যাবে না, কোনও যান্ত্রিক উপায়ের (গ্রাফিক, ইলেকট্রনিক বা অন্য কোনও মাধ্যম, যেমন ফোটোকপি, টেপ বা পুনরুদ্ধারের সুযোগ সংবলিত তথ্য-সঞ্চয় করে রাখার কোনও পদ্ধতি) মাধ্যমে প্রতিলিপি করা যাবে না বা কোনও ডিস্ক, টেপ, পারফোরেটেড মিডিয়া বা কোনও তথ্য সংরক্ষণের যান্ত্রিক পদ্ধতিতে পুনরুৎপাদন করা যাবে না। এই শর্ত লঙ্ঘিত হলে উপযুক্ত আইনি ব্যবস্থা গ্রহণ করা যাবে।

প্রকাশক
জয়জিৎ মুখোপাধ্যায়
সোপান
২০৬, বিধান সরণি, কলকাতা-৭০০০০৬
ফোন : (০৩৩) ২২৫৭-৩৭৩৮/৯৪৩৩৩৪৩৬১৬/৯৮৩৬৩২১৫২১
E-mail ; sopan1120@yahoo.com/publisopan@gmail.com
Website : www.sopanbooks.in

মুদ্রক
রবীন্দ্র প্রেস
১১এ, জগদীশ নাথ রায় লেন
কলকাতা-৭০০০০৬

মূল্য : ৪৯৯ টাকা

ISBN : 978-93-90717-33-0

# সূচিপত্র

রবীন্দ্র ছোটগল্পে ঔপনিবেশিক মন ও জীবন — সায়ন মণ্ডল ১১
পরিবেশকেন্দ্রিক ভাবনার প্রেক্ষিতে রবীন্দ্রনাথের ছোটগল্প — রূপায়ণ রায় ১৭
রবীন্দ্রনাথ : পোস্টমাস্টারের বেদনা রংহীন — নির্মল কুমার বর্মন ২৪

রবীন্দ্রনাথের তিন সঙ্গীর তিনটি গল্প : নারীচেতনার এক
ব্যতিক্রমী পাঠ — উত্তম পালুয়া ২৮
প্রকৃতি ও মানবজীবনের সমন্বয়ে রবীন্দ্র ছোটগল্প — চঞ্চলকুমার মণ্ডল ৪১
রবীন্দ্রনাথের ছোটগল্পে আধুনিকতার অনুসন্ধান — দিবাকর বর্মন ৪৮
রবীন্দ্র ছোটগল্পে উপেক্ষিতা নারী — সুরজিৎ মণ্ডল ৫৮
রবীন্দ্রনাথ ঠাকুরের অতিথি : বিশ্লেষণের আলোকে — সঞ্জয় কুমার ৬৬
লিপিকা'র নির্বাচিত গল্প : অবদমিত মায়া ও সংযুক্ত কায়া — অরীন্দ্রজিৎ ব্যানার্জী ৭২
রবীন্দ্র ছোটগল্পে কিশোর কিশোরী — কৃষ্ণময় দাস ৮০
রবীন্দ্র গল্পে নারীর প্রতিবাদী সুরের অনুরণন — সৌভিক রাজ ৮৬
রবীন্দ্রনাথ ঠাকুরের শাস্তি গল্প অবলম্বনে চন্দরার নীরব প্রতিবাদ — তুহিনা পারভীন ৯৩
রবীন্দ্রনাথের নির্বাচিত ছোটগল্প : শিশু মনস্তত্ত্বের ছবি — শেলি দত্ত ৯৭
অচলায়তন ভাঙার কারিগর - সোহিনী — অণুশীলা সাহু ১০৭

সুবোধ ঘোষের 'সুন্দরম' ও রবীন্দ্রনাথ ঠাকুরের কঙ্কাল
সত্য শিব সুন্দরের এক নিবিড় পাঠ — পৃথা দে ১১৭
ছোটগল্প অন্য ভুবন : রবীন্দ্রনাথের 'গিন্নি' ও 'স্ত্রীর পত্র' — সৌরভ সাহা ১২২
মানববর্জিত সমাজে প্রকৃতিকন্যা সুভার বুকে বেদনার শেল — কাজী রিংকু মন্ডল ১৩০
শরৎচন্দ্রের 'মহেশ' : প্রসঙ্গ অন্ত্যজ সমাজজীবন — বাপী কুশারী ১৩৫
শ্রীপর্ণা ঘোষ ১৪২
প্রভাতকুমার মুখোপাধ্যায়ের দেবী

প্রভাতকুমার মুখোপাধ্যায়ের আদরিণী :
উজ্জ্বলা পাইক মণ্ডল ১৪৮
প্রসঙ্গ স্নেহ ও বাৎসল্য রস
দীপঙ্কর মণ্ডল ১৫৪
বরযাত্রী : হাস্যরসের ধারায় ব.ভ.ম.-র অবদান
গীতা রাণী দে ১৬১
বনফুলের 'ভ্রষ্টলগ্ন' গল্পে প্রেম এবং পরিণয়
কুশল চ্যাটার্জী ১৬৭
কিন্নর দল, বিশ্লেষণে ও ব্যাখ্যায়
প্রীতম চক্রবর্তী ১৭৮
সংসার সীমান্তে ও হিঙের কচুরি : ছোটগল্পে পতিতা প্রসঙ্গ
রাখিমা দাস ১৮৫
প্রেমেন্দ্র মিত্রের ছোটোগল্পে মনস্তাত্ত্বিক টানাপোড়েন

প্রেমেন্দ্র মিত্রের 'শুধু কেরানি' : চিরাচরিত সংসার বৃত্তের
পবিত্র বিশ্বাস ১৯০
বাইরের জীবনকাহিনী

# রবীন্দ্রনাথ : পোস্টমাস্টারের বেদনা রং হীন

## নির্মল কুমার বর্মন

রবীন্দ্রনাথের পোস্টমাস্টার গল্পের শুরুতে পোস্টমাস্টারের সাথে রতনের শ্রেণীবৈষম্যের জটিলতা আমাদের ভাবিয়ে তুলেছে। পোস্টমাস্টার রতনের 'প্রভু' এবং রতন পোস্টমাস্টারের পরিচারিকা। রবীন্দ্রনাথের পোস্টমাস্টারের বেতন যৎসামান্য। নিজে রান্নাবান্না করে খান, প্রাণপ্রিয় পিতৃমাতৃহীন অনাথা বালিকা পোস্টমাস্টারের কাজকর্ম করে দেয়, "চারিটি চারিটি খাইতে পায়"— কিন্তু পেট ভরা খাবার জোটে না। এবং তা অনুগ্রহ কৃপাকেন্দ্রিক কিন্তু এক বর্ষায় মেঘযুক্ত দ্বিপ্রহরে "ঈষৎ -তপ্ত সুকোমল বাতাসে প্রশ্বাস নিয়ে রোদে ভেজা ঘাম গাছপালা থেকে একপ্রকার গন্ধ নিয়ে এবং 'কোথাকার এক নাছোরবান্দা পাখির একটানা সুরের নালিশে বন্ধু-বান্ধবহীন পরিবেশ হৃদয় ব্যাকুল করে ওঠে, সেই সময় হৃদয়ে অনুভব হয় অতি নিকটজনের, অতি আপনজনকে। এই সময়ে মানুষের হৃদয়ের শূন্যতা অনুভব ঘটে। অধিকাংশ ক্ষেত্রেই অচিরেই শূন্যতাটুকু ভরাট ঘটে যায়। পোস্টমাসটারের ক্ষেত্রে কিছু ঘটনা ঘটে । নিরক্ষর রতনকে পড়তে শেখায় পোস্টমাস্টার। পোস্টমাস্টার অন্ধকারে কিছু হাতড়াচ্ছে, পোস্টমাস্টারের দীর্ঘ ম্যালেরিয়া রোগ ভোগের সময় বিষয়টি পরিষ্কার হয়ে যায়।

শরৎ সাহিত্যে অধিকাংশ সময়ে বোঝা গেছে নরনারীর মধ্যে প্রেম সম্পর্ক তৈরী হয়েছে অসুস্থতাজনিত কারণে, নারীর সেবাপরায়ণের মাধ্যমে, 'দেনাপাওনা' উপন্যাসে ষোড়শী অত্যাচারী জমিদার জীবনানন্দের কাছে কৈফিয়ত চাইতে গিয়ে জীবনানন্দের দৈবাৎ অসুস্থতার জন্য ষোড়শী আবিষ্কার করেন। 'গৃহদাহ' উপন্যাসে অচলা মহিমের একবারও প্রেমও দাম্পত্যসূচক কোনো চিত্র না থাকলেও মহিমের অসুস্থতায় অচলা এক গভীর নিবিড় মমত্ব উপলব্ধি করে, যা ছুঁয়ে যায় মহিমকে বস্তুত অচলা বড় দুঃখ ছাড়া কখনো বড় জিনিস পাওয়া যায় না। আমার ঘরও একদিন হবে রোগও একদিন সারবে কিন্তু এ থেকে যে মহৎ জিনিস লাভ করলুম যে তুমি পোস্টমাস্টার গল্পে পোস্টমাস্টারের অসুস্থতায় তপ্ত ললাটের উপর শাঁখা পরা কোমল হস্তের স্পর্শের কামনা রতন মিটিয়েছেন। "বালিকা রতন আর বালিকা রইল না, সেই মুহূর্তেই যে জননী পদ অধিকার করিয়া বসিল। বৈদ্য ডাকিয়া আনিল, যথাসময়ে বটিকা খাওয়াইল সারারাত্রি শিয়রে জাগিয়া রইল । আপনি পথ্য রাঁধিয়া দিয়া এবং শতবার করিয়া জিজ্ঞাসা করিল হাঁগো দাদাবাবু একটুখানি ভালো বোধ হচ্ছে কি?...[৩]